



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
শহীদ বুলবুল সরকারি কলেজ, পাবনা।
E-mail: sbgc.gov.college@gmail.com
www.sbgcp.edu.bd



টেলিফোন: ০২৫৮৮৮-৪২২৮০

বিজ্ঞপ্তি নম্বর- ৮৩/২০২১

তারিখ: ১১/০৯/২০২১খ্রি.

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা এর ০৯/০৯/২০২১ তারিখের ৩৭.০২.০০০০.১১৫.৫২.০০১.১৯.২৪৪ নং স্মারক মোতাবেক কোভিড- ১৯ অতিমারির কারণে দীর্ঘ দিন বন্ধ থাকার পরে যথাযথভাবে স্বাস্থ্যবিধি মেনে আগামী ১২/০৯/২০২১ তারিখ থেকে শিক্ষা প্রতিষ্ঠান পুনরায় চালুকরণে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর থেকে একটি 'গাইড লাইন' জারী করা হয়েছে। উক্ত গাইডলাইনের নির্দেশনাসমূহ যথাযথভাবে পালন পূর্বক উচ্চমাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের শ্রেণি কার্যক্রমে উপস্থিত হওয়ার জন্য নির্দেশ প্রদান করা হলো।

শিক্ষার্থীদের প্রতি নির্দেশনা:

১. প্রদত্ত রুটিন অনুযায়ী প্রতিষ্ঠানে নিয়মিত আগমন করতে হবে।
২. প্রতিষ্ঠান কর্তৃক নির্দেশিত দূরত্ব মেনে প্রবেশ, শ্রেণিকক্ষে বসা ও প্রতিষ্ঠান হতে বহির্গমন করতে হবে।
৩. অসুস্থতা অনুভব করলে সঙ্গে সঙ্গে পিতা-মাতাকে জানাতে হবে।
৪. শিক্ষা প্রতিষ্ঠানে অবস্থানকালে শারীরিক অসুস্থতা অনুভব করলে শ্রেণি শিক্ষককে তাৎক্ষণিক অবহিত করতে হবে।
৫. অকারণে শ্রেণি কক্ষ থেকে বাহিরে যাওয়া যাবে না।
৬. হাঁচি-কাশি, কফ ও থুথু ফেলার শিষ্টাচার মেনে চলতে এবং পরিষ্কার-পরিচ্ছন্ন থাকতে হবে।
৭. শ্রেণিকক্ষে প্রবেশের পূর্বে সঠিক নিয়ম অনুসরণ করে হাত ধোয়া/স্যানিটাইজ করতে হবে।
৮. প্রতিষ্ঠানে আসা যাওয়ার পথে এবং অবস্থানকালে সঠিক নিয়মে মাস্ক পরিধান এবং শারীরিক দূরত্ব (ন্যূনতম ৩ ফুট) বজায় রাখতে হবে।

প্রফেসর মোঃ বাহেজ উদ্দিন

আইডি নং= ৭৮৮২

অধ্যক্ষ

শহীদ বুলবুল সরকারি কলেজ, পাবনা।

প্রফেসর মোঃ বাহেজ উদ্দিন (৭৮৮২)

অধ্যক্ষ

শহীদ বুলবুল সরকারি কলেজ, পাবনা।

অনুলিপি সদয় অবগতির জন্য:

- ১। প্রফেসর কে. বি. এম. নিশানুল হাবীব, উপাধ্যক্ষ, শহীদ বুলবুল সরকারি কলেজ, পাবনা।
- ২। সম্পাদক, শিক্ষক পরিষদ, শহীদ বুলবুল সরকারি কলেজ, পাবনা।
- ৩। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, শহীদ বুলবুল সরকারি কলেজ, পাবনা।
- ৪। শ্রেণিকক্ষ/নোটিশ বোর্ড/ছাত্রী কমন রুম।
- ৫। আহবায়ক, ICT (website এ প্রচারের অনুরোধসহ)।
- ৬। অফিস নথি।

No Mask, No Service